

শেখ হাসিনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, গোপালগঞ্জ,
এস. এম. মডেল সরকারি উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ ও
বীণাপাণি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ।

ভর্তি বিজ্ঞপ্তি

২০১৯ শিক্ষাবর্ষে শেখ হাসিনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, এস. এম. মডেল সরকারি উচ্চ বিদ্যালয় (প্রভাতী ও দিবা শাখায়) ও বীণাপাণি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে ৬ষ্ঠ শ্রেণিতে (প্রভাতী ও দিবা শাখায়) সীমিত সংখ্যক আসনে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

অনলাইনে ফরম পূরণের সময়সীমা :

০৩/১২/২০১৮ থেকে ১৩/১২/২০১৮ ইং তারিখ পর্যন্ত।

অনলাইনে আবেদন ফরম পূরণের ঠিকানা : gsa.teletalk.com.bd

অনলাইনে ভর্তি সংক্রান্ত তথ্য পাওয়া যাবে : www.teletalk.com.bd

ভর্তি পরীক্ষার তারিখ ও সময় :

ভর্তি পরীক্ষার তারিখ ও বার	সময়	প্রতিষ্ঠানের নাম	ভেন্যু
১৮ ডিসেম্বর-১৮ মঙ্গলবার	সকাল ১০.০০ ঘটিকা থেকে ১২.০০ ঘটিকা (২ ঘন্টা)	শেখ হাসিনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, গোপালগঞ্জ।	শেখ হাসিনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, গোপালগঞ্জ।
		এস. এম. মডেল সরকারি উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ।	এস. এম. মডেল সরকারি উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ।
		বীণাপাণি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ।	বীণাপাণি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ।


বিশেষ দৃষ্টব্য :

- ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে পঞ্চম শ্রেণি উত্তীর্ণ প্রার্থীরা ভর্তি হতে পারবে। নির্বাচিত শিক্ষার্থীকে পঞ্চম শ্রেণি পাশের ছাড়পত্র জমা দিতে হবে।
- ভর্তি পরীক্ষায় পূর্ণ নম্বর ১০০ এর মধ্যে বাংলা-৩০, ইংরেজি-৩০ এবং গণিত-৪০ নম্বর এর পরীক্ষা হবে।
- ভর্তি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সরকারি নির্দেশ ও বিধি বিধান অনুসরণ করতঃ নির্ধারিত কোটা যথাযথভাবে সংরক্ষণ করা হবে।
- কোটায় ভর্তি সংক্রান্ত :

- মুক্তিযোদ্ধার ক্ষেত্রে : মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যাদের জন্য ৫% কোটা সংরক্ষণ করতে হবে।
- প্রতিবন্ধীর ক্ষেত্রে : প্রতিবন্ধীর ধরণ উল্লেখসহ যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র দাখিল সাপেক্ষে ২% কোটা সংরক্ষণ থাকবে।
- শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীর সন্তানদের ক্ষেত্রে : সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/শিক্ষিকা ও কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে (কেবল সংশ্লিষ্ট কর্মস্থলে অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানে) ভর্তির জন্য ন্যূনতম যোগ্যতা সাপেক্ষে ২% কোটা সংরক্ষিত হবে।

ভর্তির সময় যে সকল কাগজ পত্র জমা দিতে হবে :

- প্রযোজ্য ক্ষেত্রে আবেদনকারী শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত মুক্তিযোদ্ধার সনদসহ সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলর বা ইউ. পি চেয়ারম্যান প্রদত্ত সম্পর্ক সনদের অনুলিপি।
- প্রার্থী অন্যান্য কোটায় ভর্তির দাবিদার হলে তার দাবির প্রেক্ষিতে উপযুক্ত প্রমাণ পত্রের সত্যায়িত অনুলিপি। প্রমাণ পত্র সঠিক না হলে কোটায় ভর্তি বাতিল বলে গণ্য হবে।



(সুবল চন্দ্র মন্ডল)

সদস্য সচিব

বীণাপাণি সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, গোপালগঞ্জ।